



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

## কর্মসম্পাদনেরসার্বিকচিত্র

### সাম্প্রতিকঅর্জন, চ্যালেঞ্জএবংভবিষ্যৎপরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(DPHE), টাঙ্গাইল বিভাগনিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন ও স্যানিটেশন সেবা প্রদান করে আসছে। টাঙ্গাইল জেলার পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সাধনে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী জনগনকে সেবা প্রদান করে চলেছে। জেলার টাঙ্গাইল, কালিহতি, ডুয়াপুর, ধনবাড়ী, মধুপুর ও ঘাটাইল পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন কল্পে বর্তমানে এ বিভাগ কাজ করে চলেছে। তাছাড়া প্রায় প্রতি বছরই বন্যাকালীনসহ বিভিন্ন দুর্যোগ মুহর্তে প্রশাসনের সাথে সমন্বয় করে দুর্গতদের দুর্দশা লাঘবে এই বিভাগ কাজ করে চলেছে।বিগত ০৩বছরে টাঙ্গাইল পল্লী ও পৌর এলাকায় ৫৭২০টিবিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ১৩টি কমিউনিটি ল্যাট্রিন, ২টি ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ, ১০কি.মি. পাইপ লাইন স্থাপন ও ৬টি পাম্প হাউজ নির্মাণ করা হয়েছে। তাছাড়া বন্যা এবং কোভিড-১৯ মোকাবেলায় ৫৩৩০কেজি ব্লিচিংপাউডার,৩,৮৫,০০০টিWater Purification Tablet, ২৪৯৬৬টি সাবান, ১৪০০টি হ্যান্ড স্যানিটাইজার,২১০৫টি জেরিকেনসরবরাহকরাহয়েছে এবং৯৭টিআশ্রয়কেন্দ্রে১১৫টি অস্থায়ীল্যাট্রিন ও ৭৭টিঅস্থায়ীনলকূপ স্থাপন, ৭৫০টির অধিক নলকূপ মেরামত/জীবানুমুক্তকরণ করাহয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতিকে টেকসইকরা ও এরকার্যকারিতাবৃদ্ধিকরণ এবং অর্থায়ন।সামগ্রিককাজেরমনিটরিংওমূল্যায়ন, তথ্যসংগ্রহওসংরক্ষণ। টাঙ্গাইল জেলা যমুনা ও অন্যান্য নদী বেষ্টিত হওয়ায় বেরিবাধ ভেঙ্গে এখানে হঠাৎ বন্যাতে (Flash Flood) আক্রান্ত হয়। আক্রান্ত জনগনের জন্য জরুরী পানি স্যানিটেশন ব্যবস্থা করার জন্য পর্যাপ্ত জরুরী তহবিল বরাদ্দ পাওয়া যায় না। এছাড়া জেলার অধিকাংশ এলাকায় ভূ-গর্ভস্থ পানি আয়রন যুক্ত হওয়ায় সংশ্লিষ্ট এলাকায় সুপেয় পানি সরবরাহ করা একটি বড় চ্যালেঞ্জ। দেশের সর্বোচ্চ সংখ্যক পৌরসভা বিশিষ্ট এ জেলার সকল পৌরসভাগুলির পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নেই। এ সকল পৌরসভাগুলিতেপানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করা ও সে মোতাবেক পৃথক বাজেট বরাদ্দ প্রয়োজন।

#### ভবিষ্যৎ পরিকল্পনা

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকল্পে প্রতি৫০ জনেরজন্যএকটিপানিরউৎসস্থাপন, ভূ-পৃষ্ঠস্থপানিরযথাযথব্যবহারএবংসংরক্ষণ,পুকুরখননেরমাধ্যমেভূ-পৃষ্ঠেরপানিব্যবহারবৃদ্ধিকরণ, টাঙ্গাইল জেলারপ্রতিটিইউনিয়নে পাইপডওয়াটারসাপ্লাইসিস্টেমস্থাপন।স্বাস্থ্যসম্মতউন্নতমানেরল্যাট্রিনেরকভারেজবৃদ্ধিকরণ এবং নিরাপদসুপেয়পানিসরবরাহেরকভারেজশতভাগেউন্নীতকরণ।

#### ২০২২-২০২৩অর্থবছরেরসম্ভাব্যপ্রধানঅর্জনসমূহ

- পল্লী এলাকায় বিভিন্নধরনেরপানিরউৎসস্থাপন-৪৮০০টি
- পল্লী এলাকায় কমিউনিটি ভিত্তিক মিনি পাইপলাইন (CBWSS) নির্মাণ- ২১৬টি
- পল্লী এলাকায়পাইপলাইন (RPWSS) নির্মাণ- ১২(৬০%)টি
- পৌর এলাকায় উৎপাদকনলকূপস্থাপন ও প্রতিস্থাপন - ১৪টি
- পৌর এলাকায় ওভারহেড ট্যাংক নির্মাণ- ৬(৭৫%)টি
- পৌর এলাকায় ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ-৪(৮০%) টি
- পৌর এলাকায় পাইপ লাইন স্থাপন-২৭কি.মি.
- পৌর এলাকায় মানব বর্জ্য ব্যবস্থাপনা (FSM)/ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (SWM) নির্মাণ- ২(৬০%)টি
- পৌর এলাকায়RCCডেন নির্মাণ- ১০ কি.মি.
- পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন/পাবলিক টয়লেট নির্মাণ- ২৩টি
- পল্লী ও পৌরএলাকায় ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন- ৯০০টি
- পানির গুণগতমাননিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা- ৫০০০টি

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: